তারিখ ... 05 JUN 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...
336

দৈনিক ইত্তেফাক

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিস্থিতি

# ধর্মঘট, মিছিল চরমপত্র

(চট্টগ্রাম অফিস)

ডিসির অপসারণ ও ৫ জন ছাত্রের বহিষ্কারের নির্দেশ প্রত্যাহারের দাবীতে সংগ্রামী ছাত্রঐক্য গতকাল ৪৮ ঘন্টার চরমপত্র দিয়াছে। গতকালও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট পালিত হয়। গতকাল তদন্ত কমিশনের রিপোর্ট বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণ ও উপরোক্ত দাবীতে ভি,সি'র বাসভবন প্রাঙ্গণে প্রতীক অবস্থান

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(১ম পৃ: পর)

পালন করে।

গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শহরস্থ ক্লাবে আহূত জরুরী সিণ্ডিকেট সভায় বিজ্ঞান অনুষদের ডীন ও সিণ্ডিকেট সদস্য প্রফেসর এম, এ, সালেহ বিধি বহির্ভূত বিধায় উক্ত সভা অবৈধ বলিয়া যোগদানে বিরত থাকেন। এক বিবৃতিতে তিনি বলেন, সিণ্ডিকেটের সভাস্থল ভিসির কার্যালয় কিংবা বাসভবন ছাড়া অন্যকোন স্থানে হইতে পারে না। নির্ভরযোগ্য সূত্রে জানা যায় যে, শহরস্থ ক্লাবে জরুরী সিণ্ডিকেট সভা ভিসির অনুপস্থিতির কারণে অনুষ্ঠিত হয় নাই।

এদিকে ছাত্র শিবির চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা ভিসি কর্তৃক জরুরী সিণ্ডিকেট সভা শহরস্থ ক্লাবে অনুষ্ঠানের প্রতিবাদে নগরীতে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভার আয়োজন করে। শিবিরের বিক্ষোভ মিছিল আসকরদীঘিরপাড়স্থ বিশ্ববিদ্যালয় ক্লাবের দিকে অগ্রসর হইলে পুলিশ বাধা প্রদান করে এবং উর্ধতন পুলিশ কর্মকর্তারা "সিণ্ডিকেট সভা হইতেছে না" মর্মে জানাইলে মিছিলটি প্রেসক্লাবের সামনে গিয়া এক প্রতিবাদ সমাবেশের মাধ্যমে সমাপ্ত হয়। গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিবির সমর্থিত সম্মিলিত ছাত্র ঐক্য পরিষদ আহূত ধর্মঘট পালিত হয়। এ সময়ে পরিষদের এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সভায় শিবির সমর্থিত অপর সংগঠন সংগ্রামী ছাত্র ঐক্য ঘোষিত ৪৮ ঘন্টার হরতালের কর্মসূচীকে সমর্থন করা হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের গণতান্ত্রিক শিক্ষক সমাজ গতকাল এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের দ্রুত অবনতিশীল পরিস্থিতিতে উদ্বেগ প্রকাশ করিয়াছেন। অধ্যাপক হায়াত হোসেন স্বাক্ষরিত বিবৃতিতে শিক্ষক সমাজ এ ব্যাপারে অবিলম্বে বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর ও অস্থায়ী প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন।